

বেসিক ব্যাংক লিমিটেড
ট্রেজারি এবং ক্যাপিটাল মার্কেট সার্ভিসেস ডিভিশন
প্রধান কার্যালয়, ঢাকা

পরিপত্র # বেসিক/প্রকা/টিসিএমএসডি/২০১৮/১২৬৭৬/০৭

তারিখঃ ০৮.০৮.২০১৮

প্রতিঃ সকল বিভাগীয় প্রধান ও শাখা প্রধান।

বিষয়ঃ ঋণ ও অগ্রিমের সুদ হার পুনর্নির্ধারণ।

ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক কতিপয় খাত ব্যতীত সব ধরনের ঋণের সুদ হার ৯%-এ নির্ধারণ করা হয়েছে।
পুনর্নির্ধারিত সুদের হার ০৯.০৮.২০১৮ তারিখ হতে কার্যকর হবে।

নিম্নে উল্লেখিত খাত সমূহ ব্যতীত বিদ্যমান, মঞ্জুরীকৃত ও মঞ্জুরীতব্য সকল প্রকার ঋণ ও অগ্রিমের ক্ষেত্রে পুনর্নির্ধারিত
৯% সুদ হার প্রযোজ্য হবে।

উল্লেখ্য, যে সকল ক্ষেত্রে ঋণ ও অগ্রিমের বিদ্যমান/ভোগরত/অনুমোদিত সুদের হার ৯% এর নিচে রয়েছে তা
অপরিবর্তিত থাকবে।

নিম্নোক্ত খাতসমূহে বর্ণিত পুনর্নির্ধারিত সুদের হার প্রযোজ্য নয়ঃ

- ক. স্থায়ী আমানত ও বিভিন্ন সঞ্চয়ী আমানত স্কিমের বিপরীতে প্রদত্ত ঋণ,
- খ. ভোক্তা ঋণ (কনজুমার ফাইন্যান্স ও বাণিজ্যিক ক্রেডিট ডিভিশন হতে মঞ্জুরীকৃত ঋণ),
- গ. সরকারী ও বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কিমের অধীনে পরিচালিত বিভিন্ন ধরনের ঋণ,
- ঘ. ব্যক্তিগত (Personal) ঋণ।

যে সকল ক্ষেত্রে পুনর্নির্ধারিত হার প্রযোজ্য হবে না, সে সব ক্ষেত্রে বিগত ২৪.০১.২০১৬ তারিখের জারীকৃত পরিপত্র
(সূত্র নং-BASIC/HO/TD/2016/02) অনুযায়ী বর্ণিত সুদ হার প্রযোজ্য হবে।

অত্র পুনর্নির্ধারিত সুদের হার সময় সময় পরিবর্তন যোগ্য।

শাখাসমূহকে পত্র মারফত পুনর্নির্ধারিত সুদের হার সকল গ্রাহকের গোচরে আনার অনুরোধ জানানো হল। পত্র “সুদের
হার সময় সময় পরিবর্তন যোগ্য” কথাটির উল্লেখ নিশ্চিত করতে হবে।

সুদের হার সম্পর্কিত কোন ব্যাখ্যা প্রয়োজন হলে নিম্ন স্বাক্ষরকারিগণের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

মোঃ মাহমুদ হাসান
উপ-মহাব্যবস্থাপক



মোঃ মোজাম্মেল হোসেন
মহাব্যবস্থাপক

অনুলিপিঃ-

১. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. সকল মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়, ঢাকা।